রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২২ সনের ৩৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৮, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪২১—৪৪৩ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০০১—১০৫৬ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৩৫—৭৬১ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### প্রধানমন্ত্রীর কার্যালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯/২৯ মে ২০২২

নং ০৩.০০.০০০২.০৮২.০৪৭.০২৭.২০২১(অংশ)-৪৩৮—যেহেতু, আপনি জনাব মোঃ মনজুরুল লতিফ, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়কে ০৮-০৪-২০২১ তারিখ হতে ২২-০৪-২০২১ তারিখ পর্যন্ত অর্জিত ছুট মঞ্জুরির জন্য সিভিল সার্জন এর নিকট হতে অসুস্থতার স্বপক্ষে চিকিৎসা সদনপত্র পেশ এবং ২৩-০৪-২০২১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। যথাসময়ে চিকিৎসা সদনপত্র পেশ এবং কর্মস্থলে অনুপস্থিতির ব্যাখ্যা প্রদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে ০৮-০৭-২০২১ তারিখ অপরাহ্নে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

০২। যেহেতু, ২৩-০৪-২০২১ তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা নং ২/২০২১ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানীর আবেদনের পরিপ্রেক্ষিতে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিষয়টি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক আপনার বিরুদ্ধে পলায়নের অভিযোগ "সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে" তদন্ত প্রতিবেদনে অভিমত প্রকাশ করেন;

০৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত পলায়নের অভিযোগ এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা শাস্তিযোগ্য অপরাধ;

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

০৪। যেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) উপবিধি ১(গ) অনুযায়ী বেতন গ্রেডের সর্বনিম্ন ধাপে অবনমিত করার দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। সেহেতু, জনাব মোঃ মনজুরুল লতিফ, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যলয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালা ৪(২) উপবিধি ১(ঘ) অনুযায়ী আদেশ জারির তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য বেতন গ্রেডের সর্বনিম্ন ধাপ অর্থাৎ ১৬,০০০— ৩৮,৬৪০/- টাকা বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপ ১৬,০০০/- টাকায় অবনমিত করা হলো।

০৬। এ কার্যালয়ের ০৮ জুলাই ২০২১ তারিখের ০৩.০০. ০০০২.০৮২.০৪৭.০২৭.২০২১-৩৭৭ নং সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

০৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি**
মহাপরিচালক (প্রশাসন)।

---

## জাতীয় রাজস্ব বোর্ড
## [কাস্টমস : রপ্তানি ও বন্ড শাখা]

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/২৪ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **২০/২০২২/কাস্টমস/১৭৯**—The Customes Act, 1969 (Act,-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মোংলা সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং-এস/০১/বন্ড লাইঃ/ বেলাজিও/মংলা/২০১৬, তাং ১২-০৪-২০১৬ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা :

| ক্র.নং | আমদানিকৃত পণ্য | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | সিগারেট, সিগার টোব্যাকো | ১,১০,০০০.০০ |
| ২. | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৩৫,০০০.০০ |
| ৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ২৫.০০০.০০ |
| ৪. | কনফেকশনরী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ১৫,০০০.০০ |
| | **মোট** | **১,৮৫,০০০.০০ (এক লক্ষ পঁচাশি হাজার) মা. ডলার** |

তারিখ : ২৯ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/১২ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **০১৭/২০২২/কাস্টমস/১৬৯**—The Customes Act, 1969 (Act,-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হবিগঞ্জ জেলাধীন হবিগঞ্জ সদর উপজেলার বিসিক শিল্প নগরী এলাকাকে ওয়্যারহাউস স্টেশন হিসেবে ঘোষণা করল।

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/২৪ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **২১/২০২২/কাস্টমস/১৭৮**—The Customes Act, 1969 (Act,-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং ৫(১৩) কাবক/চট্টঃ/বন্ড(শীপ স্টোরস)/আইঃ/১৮/২০১৮, তারিখ : ০২-১২-২০১৮ খ্রিঃ) নামীয় বিপণীর অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা :

| ক্র.নং | আমদানিকৃত পণ্য | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | Ships Store Items | ১,২০,০০০.০০ |
| ২. | Cigarettes & Tobacco | ১,০০,০০০.০০ |
| ৩. | Alcoholic beverage (Liquor, Beer, Wine) | ২০,০০০.০০ |
| ৪. | Cosmetic and Toiletrees | ৪০,০০০.০০ |
| ৫. | Bevearage (Non-Alcoholic), Confectionary, Electronics, Gift Item | ৪০,০০০.০০ |
| | **মোট** | **৩,২০,০০০.০০ (তিন লক্ষ বিশ হাজার মার্কিন ডলার)** |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস : রপ্তানি ও বন্ড)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশাবলি

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/১১ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৩৬/২০২২-২৩২**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী কমিটির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ ফয়ছল মিয়া, পিতা-মৃত মোহাম্মদ আছলম মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ০৬ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ/১৯ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-২০/২০২২-২০০**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব তোফায়েল আহমদ, পিতা-মদরিছ মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ০৫ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-২২/২০২২-১৯০**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঝালকাঠি জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মানিক লাল আচার্য্য, পিতা-মৃত লাল মোহ আচার্য্য-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/১৩ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১৬/২০২২-১৮৪**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ খুররম জাহ্ মুরাদ, পিতা-মোঃ রিয়াজুল ইসলাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাগে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১২ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/২৫ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-২৭/২০২২-২১৬**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির অ্যাডভোকেট জনাব মোঃ আতিয়ার রহমান, পিতা-মোঃ আব্দুল আজিজ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩০-১২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থাৎ তার বয়স ৬০ (ষাট) বৎসর পর্যন্ত নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ২৯ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/১২ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১২/২০২২-১৭৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ আব্দুল বারী, পিতা-মৃত মঙ্গল প্রামানিক-কে সমগ্র

বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/১৩ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১৩/২০২২-১৮৩**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির অ্যাডভোকেট জনাব মোঃ আল মামুন, পিতা-মৃত ফাররুক আহমেদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাগে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১০ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **০২-সলিসিটর/২০০৯(অংশ-১)-৪৬**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহকারী অ্যাটর্নি জেনারেল জনাব সায়রা ফায়রোজ কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রটি সরকার পক্ষে গৃহীত হয়েছে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**কোম্পানি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯/০২ জুন ২০২২

নং **১৪.০০.০০০০.০০২.১৩.০২৯.০৯.৬৩**—যেহেতু, বিসিএস (টেলিকম) ক্যাডার কর্মকর্তা জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা, বিভাগীয় প্রকৌশলী-এর বিরুদ্ধে বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যায়ের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ডি ধারা মোতাবেক অভিযুক্ত করে ২৬-০৫-২০০৯ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে বিভাগীয় মামলা রুজু করা হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের একজন ১ম শ্রেণির কর্মকর্তা হওয়ায় তাকে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হলে সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়। জনাব মোঃ শাহজাহান আলী মোল্লার বিরুদ্ধে শাস্তি আরোপের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতির জন্য সারসংক্ষেপ প্রেরণের প্রাক্কালে অভিযুক্ত কর্মকর্তা ২৩-১০-২০১২ খ্রিঃ তারিখে মামানীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩২৩৫/২০১২ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে মহামান্য আদালত স্থগিতাদেশ প্রদান করায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক বিভাগীয় মামলার কার্যক্রম স্থগিত রাখা হয়। পরবর্তীতে বাদীর আবেদনের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট পিটিশন এর স্থগিতাদেশ গত ২৭-০৬-২০২১ তারিখে প্রত্যাহার (Discharge for Non-Prosecution) করা হয়;

০২। যেহেতু, একই বিষয়ে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলায় জনাব মোঃ শাহজাহান আলী মোল্লাকে বিভাগীয় বিশেষ জজ আদালত, ঢাকা কর্তৃক অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হয় এবং উক্ত আদেশের বিরুদ্ধে দুদক কর্তৃক উচ্চতর আদালতে রিভিশন দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া, বাজেট বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয়ের কারণে যে অভিযোগ উত্থাপিত হয়েছিল, সে অতিরিক্ত ব্যয়ের উপর উত্থাপিত অডিট আপত্তি ইতোমধ্যে অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তি করা হয়েছে;

০৩। যেহেতু, যে অভিযোগের ভিত্তিতে জনাব মোঃ শাহজাহান আলী মোল্লার বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করা হয়েছিল, সে অভিযোগ হতে অডিট অধিদপ্তর হতে অব্যাহতি পাওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ইতিপূর্বে প্রদত্ত মতামত পুনর্বিবেচনার জন্য ০৯-১২-২০২১ খ্রিঃ তারিখে প্রস্তাব প্রেরণ করা হলে কমিশন হতে গত ২৭-০১-২০২২ খ্রিঃ তারিখে একমত পোষণ না করে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়;

"জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং Estab/RI/R-73/72-79(500) তারিখ : ২১ জুন ১৯৭২ এবং কার্য বিধিমালা, ১৯৯৬ এর তফসিল-৪ এর ১২ নং অনুচ্ছেদ মোতাবেক কমিশনের নিকট

কোনো পরামর্শ চাওয়ার পর কমিশনের প্রদত্ত পরামর্শ গ্রহণ না করার সিদ্ধান্ত নেওয়া হইলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে উক্ত পরামর্শ গ্রহণ না করার কারণসহ বিষয়টি পুনর্বিবেচনা জন্য কমিশনের নিকট প্রেরণ করিতে হইবে। কমিশন পূর্ব প্রদত্ত পরামর্শ বহাল রাখিলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কমিশনের উক্ত পরামর্শ যদি গ্রহণ না করার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে কমিশনের পরামর্শ গ্রহণ না করার ব্যাখ্যাসহ উক্ত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে রাষ্ট্রপতির নিকট উপস্থাপন করিতে হইবে।" উল্লিখিত বিধি-বিধানের আলোকে এ বিভাগকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য কমিশন হতে পরামর্শ প্রদন করা হয়;

০৪। যেহেতু, এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত চাওয়া হলে উক্ত মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি বরাবর সারসংক্ষেপ প্ররণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় মতামত প্রদান করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামতের আলোকে গত ১২-০৪-২০২২ তারিখে সারসংক্ষেপ প্রেরণ হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে নিম্নরূপ মতামত প্রদান করা হয়;

"ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে মহামান্য রাষ্ট্রপতির জন্য প্রণীত সার-সাংক্ষেপের প্রেক্ষাপট যথাযথ না হওয়ায় সার-সংক্ষেপটি উৎসে ফেরত প্রদান করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তা ইতোমধ্যে অবসরগমন করায় মহামান্য সুপ্রিম কোর্টের রুলিং অনুযায়ী তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলতে পারে না বিধায় তিনি এ বিভাগীয় মামলা থেকে অব্যাহতি পেতে পারেন।"

০৫। সেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত এবং মাননীয় আপিল বিভাগের রুলিং (31 DLR (AD)(1979) page.256) অনুযায়ী জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা ইতোমধ্যে অবসরোত্তর ছুটি গমন করায় তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৯/১৬ মে ২০২২

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭০.২২-২০০**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৮৭৪৯ মেজর মোঃ তাসিকুজ্জামান, জি+, আর্টিলারি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুল্‌স্ ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯/৩০ মে ২০২২

নং **২৩.০০.০০০০.০৭০.১৯.০৮৬.১৯.১৪৯**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নোক্ত কর্মকর্তাকে বিমান বাহিনী নির্দেশিকা **১/৯৩** অনুযায়ী তাঁর নামের পাশে ৫ম কলামে বর্ণিত তারিখ থেকে শাখা পরিবর্তন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও বিদ্যমান শাখা | বিদ্যমান শাখায় কমিশনের তারিখ | পরিবর্তনকৃত শাখা | শাখা পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | ফ্লাইট লেফটেন্যান্ট মোঃ রিফাত আশরাফী (বিডি/১০১২৩), জিডি(পি) | ০১ ডিসেম্বর ২০১৮ | অ্যাডমিন শাখা | ১৭ ডিসেম্বর ২০২০ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাহিদা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/০৯ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১১.২১.১১৯**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে,এল, নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | খামারকান্দি | ৯৬ | ৮৩৬ | বগুড়া সদর | বগুড়া |
| ২ | ঝাখর | ১০৬ | ২৮৮৮ | আদমদিঘী | বগুড়া |
| ৩ | জয়সারা | ৯৭ | ৭৯৯ | কাহালু | বগুড়া |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.১৪০.১০.১১৭**—The State Aequisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenaney Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে,এল, নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | চন্ডিপুর | ৭৫ | ১৭৬১ | পীরগাছা | রংপুর |
| ২ | পশ্চিম দেবু | ১১৪ | ১১৮৫ | পীরগাছা | রংপুর |

| ক্রম | মৌজার নাম | জে,এল, নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ৩ | রামগোপাল | ১৫২ | ৭৫৭ | পীরগাছা | রংপুর |
| ৪ | তেয়ানী মণিরাম | ১৬৯ | ৫১০ | পীরগাছা | রংপুর |
| ৫ | সন্তোষপুর | ৫৮ | ৬৩৬ | মিঠাপুকুর | রংপুর |
| ৬ | পলিপাড়া মাসিমপুর | ৬৮ | ১২৮৮ | মিঠাপুকুর | রংপুর |
| ৭ | ধাপ শ্যামপুর | ৮৫ | ৭৬২ | মিঠাপুকুর | রংপুর |
| ৮ | জুমা | ১৫২ | ৬১৩ | মিঠাপুকুর | রংপুর |
| ৯ | উত্তর ইমাদপুর | ১৯৬ | ৪৬৫ | মিঠাপুকুর | রংপুর |
| ১০ | খোর্দ্দ কুমরপুর | ২২১ | ৮০৬ | মিঠাপুকুর | রংপুর |
| ১১ | গারালচৌকী | ২২৩ | ৬৫৫ | মিঠাপুকুর | রংপুর |
| ১২ | কিসমত কালে | ২২৮ | ৫৬৯ | মিঠাপুকুর | রংপুর |
| ১৩ | বলদীবাথান | ২২৯ | ৭০৮ | মিঠাপুকুর | রংপুর |
| ১৪ | পাহাড়পুর | ২৩০ | ৪৯৯ | মিঠাপুকুর | রংপুর |
| ১৫ | বুজরুক মহদীপুর | ২৩৪ | ৭৮০ | মিঠাপুকুর | রংপুর |
| ১৬ | মুরাদ দর্পনারায়ণপুর | ২৩৬ | ৭৯০ | মিঠাপুকুর | রংপুর |
| ১৭ | চিথলী পূর্ব্বপাড়া | ২৫০ | ৫৩০ | মিঠাপুকুর | রংপুর |
| ১৮ | চিথলী মধ্যপাড়া | ২৫১ | ৬২৫ | মিঠাপুকুর | রংপুর |
| ১৯ | তাজুরপাড়া | ২৬৪ | ৩১০ | মিঠাপুকুর | রংপুর |
| ২০ | তৈয়বপুর | ৩০৯ | ২৪৫ | মিঠাপুকুর | রংপুর |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.১১৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সোনাদিয়া | ২৩০ | ২২০৭ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২ | ওয়াছফপুর | ৩০২ | ৪৫৯ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৩ | চর আল্গী | ৫২ | ২২৬৫ | রামগতি | লক্ষ্মীপুর | |
| ৪ | চর রমিজ | ৫৪ | ২৬৮৩ | রামগতি | লক্ষ্মীপুর | |
| ৫ | চর চান্দিয়া | ৯৫ | ৩৬৬৫ | সোনাগাজী | ফেনী | |
| ৬ | পূর্ব বড় ধলী | ৯৭ | ১৮৮৮ | সোনাগাজী | ফেনী | মহামান্য হাইকোর্টে ৯০৪০/২০২০, ৯০৪১/২০২০, ৯০৪২/২০২০, ৯০৪৩/২০২০, ৯০৪৪/২০২০. ৯০৪৫/২০২০ ও ৯০৪৬/২০২০ নম্বর রীট থাকায় রীট সংশ্লিষ্ট ডিপি ১ নম্বর খতিয়ানের আরএস ৯৬৫০ ও ১০৭০৪ নম্বর দাগ ব্যতীত। |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.১৭.১১৫**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | গোপালপুর | ৭৬ | ৫১৩ | জামালপুর সদর | জামালপুর |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.১১৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | লক্ষীপাশা | ৪৭ | ১৩০২ | গোলাপগঞ্জ | সিলেট |
| ০২ | ঘাসিবর্ণি | ৬৬ | ৩৫৯ | গোলাপগঞ্জ | সিলেট |
| ০৩ | জামিরা | ৮৮ | ৬৪৯ | গোলাপগঞ্জ | সিলেট |
| ০৪ | সুপাটেক | ৮৯ | ৭০৫ | গোলাপগঞ্জ | সিলেট |
| ০৫ | জুলাই | ১৮৩ | ১৫৮৭ | কানাইরঘাট | সিলেট |
| ০৬ | বেজুরা | ৩৫ | ২৪৭৬ | মাধবপুর | হবিগঞ্জ |
| ০৭ | মিরনগর | ৬৯ | ৪২৬ | মাধবপুর | হবিগঞ্জ |
| ০৮ | সুবিদ্যাচক | ১৪৬ | ১৯২৩ | বাহুবল | হবিগঞ্জ |
| ০৯ | সিংহনাদ | ৩ | ৩৯০ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১০ | গিয়াসনগর | ৩৪ | ১১৭৩ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১১ | কৌলারশি | ৪১ | ২১২৮ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১২ | কৃষ্ণপুর | ৫৭ | ১৩০২ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৩ | মনছড়া | ৬৬ | ৭৮ | কুলাউড়া | মৌলভীবাজার |

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/২২ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.২২১ .১০(অংশ-১).১৩৬**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার ০২(দুই)টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | এরিয়া (একর) | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ০১ | বিবিরকান্দি | ১৭৫ | ৪৪৩.২৭ | আড়াইহাজার | নারায়ণগঞ্জ |
| ০২ | কদমির চর | ১৭৭ | ৩৯৫.০৩ | আড়াইহাজার | নারায়ণগঞ্জ |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৫৭ .১০(অংশ-১).১৩৫—The survey Act. 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The state Acquisition And Tenancy Act. 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গাইবান্ধা জেলার গাইবান্ধা সদর উপজেলার ০৫(পাচ)টি, ফুলছড়ি উপজেলার ০৩টি, গোবিন্দগঞ্জ উপজেলার ০৩টি, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর উপজেলা ১টি এবং উলিপুর উপজেলার ০৫টি মৌজাসহ মোট ১৭(সতের)টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল।

| ক্রম | মৌজার নাম | জে,এল নম্বর | এরিয়া (একর) | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | পূর্ব বাটিকামারী | ১২৪ | ২২১৫.৯৭ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ০২ | খারজানী | ১২৬ | ১১০০.৪৫ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ০৩ | পাচদিয়ারা | ১২৭ | ৩২৪.১৯ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ০৪ | পেচিঘাট | ১২৮ | ১৯৭.০৬ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ০৫ | হাসধরা | ১২৯ | ২৭২.৫০ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ০৬ | খাটিয়ামারী | ৬৩ | ২০১৩.২১ | ফুলছড়ি | গাইবান্ধা |
| ০৭ | উত্তর খাটিয়ামারী | ৮১ | ২৮৪৩.৫৮ | ফুলছড়ি | গাইবান্ধা |
| ০৮ | দক্ষিণ খাটিয়ামারী | ৮২ | ১৮৫০.৪০ | ফুলছড়ি | গাইবান্ধা |
| ০৯ | শ্যামপুর পার্ব্বতীপুর | ২২৭ | ২২৫.৭০ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ১০ | পার সোনাইডাঙ্গা | ৩০৪ | ৩০৫.০৮ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ১১ | বালুয়া | ৩০৫ | ৫২৩.৫৬ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ১২ | রসুলপুর | ৭১ | ১৪৮০.৪৮ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| ১৩ | চরমামুদপুর | ১৩৩ | ১২৫২.৩৪ | উলিপুর | কুড়িগ্রাম |
| ১৪ | বালাডোবা | ১৩৬ | ১৫৪২.৪৮ | উলিপুর | কুড়িগ্রাম |
| ১৫ | চিতলিয়া | ১৩৭ | ১৫০৩.৫৮ | উলিপুর | কুড়িগ্রাম |
| ১৬ | কচাবাচা জাহাজের আলগা | ১৪০ | ২৬৩৬.৫৮ | উলিপুর | কুড়িগ্রাম |
| ১৭ | সাহেবের আলগা | ১৪৫ | ১১৫৪.৭৮ | উলিপুর | কুড়িগ্রাম |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**সরকারি কলেজ-০৩**

**অফিস আদেশ**

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/৩১ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০২৪.২০২২.২৯৯—যেহেতু, জনাব মোঃ আল আমিন, সহকারী অধ্যাপক (ইতিহাস), মাওলানা মোহাম্মদ আলী কলেজ, টাঙ্গাইল এর বিরুদ্ধে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা ও যৌতুক নিরোধ আইনের ০৩ ধারায় সিআর মামলা নং-২০/২০২১ নং দায়ের করা হয়। উক্ত মামলায় তাঁর বিরুদ্ধে ০৭-০৩-২০২২ খ্রি. অভিযোগ গঠন করা হয়েছে।

সেহেতু, জনাব মোঃ আল আমিন, সহকারী অধ্যাপক (ইতিহাস, মাওলানা মোহাম্মদ আলী কলেজ, টাঙ্গাইল-কে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারা অনুযায়ী ০৭-০৩-২০২২ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দীক**
সচিব।

---

**সরকারি মাধ্যমিক-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/১৭ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৭১.০১.০০৪.২০১৬.৯৯—The Intermediate and Secondary Education Ordinance, 1961 এর Section 4-এর clause (x-xi)-এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে নিম্নোক্ত ০২(দুই) জন শিক্ষাব্রতী ব্যক্তিকে এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর 'বোর্ড কমিটি'র সদস্য পদে মনোনয়ন প্রদান করেছেন:

১. প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম
প্রাণী বিজ্ঞানী
ঠিকানা : রওশন আবাস, ৩৩৮/৩, ঢোলাদিয়া, ময়মনসিংহ

২. প্রফেসর তসলিমা বেগম
অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা
ঠিকানা : হাউজ নম্বর-৯১, রোড নম্বর-১৭, সেক্টর-১৪, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **৩৭.০০.০০০০.০৭১.০১.০০৪.২০১৬.১০০**—The Intermediate and Secondary Education Ordinance, 1961 এর Section 4-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত শিক্ষক/কর্মকর্তাগণ-কে এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর 'বোর্ড কমিটি'র সদস্য পদে মনোনয়ন প্রদান করেছেন:

১. অধ্যক্ষ, ময়মনসিংহ সরকারি কলেজ, ময়মনসিংহ
২. প্রধান শিক্ষক, জামালপুর জেলা স্কুল, জামালপুর
৩. প্রধান শিক্ষক, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা
৪. অধ্যক্ষ, শেরপুর সরকারি কলেজ, শেরপুর
৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলমগীর হুছাইন**
উপসচিব।

---

**সরকারি কলেজ-৩ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/১৬ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০০২.২০২২.২৭৯**—যেহেতু, জনাব মোহাম্মদ ফারুক হোসাইন (২২৪৮৬), সহকারী অধ্যাপক (গণিত), আশেক মাহমুদ কলেজ, জামালপুর এর বিরুদ্ধে জামালপুর সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০২ এর আওতায় মামলা দায়ের হওয়ার প্রেক্ষিতে বিজ্ঞ আদালত তাঁকে ২১-১১-২০২১ তারিখে জেল হাজতে প্রেরণ করেন;

সেহেতু, জনাব মোহাম্মদ ফারুক হোসাইন (২২৪৮৬), সহকারী অধ্যাপক (গণিত), আশেক মাহমুদ কলেজ, জামালপুর-কে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারা অনুযায়ী ২১-১১-২০২১ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/২২ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৮.২২-২৩৩**—যেহেতু, জনাব মোঃ সিদ্দিকুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, শুনানিতে তার প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ সিদ্দিকুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) মোতাবেক "তিরস্কার (Censure)" লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**বিমান অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/১৬ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩০.০০.০০০০.০১৭.৯৯.১৫৫.২১-৬১**—হজযাত্রী পরিবহন কার্যক্রম-২০২২ সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও পরিবীক্ষণ/সমন্বয়ের জন্য নির্দেশক্রমে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**সভাপতি/আহবায়ক**

| | |
|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |

**সদস্যবৃন্দ**

| | |
|---|---|
| ২. | পরিচালক (প্রশাসন), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড |
| ৩. | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের ০১ জন প্রতিনিধি |
| ৪. | পরিচালক (প্রশাসন), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ |
| ৫. | নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর |
| ৬. | পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৭. | পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, ঢাকা |
| ৮. | কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স |
| ৯. | সভাপতি/সাধারণ সম্পাদক, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) |
| ১০. | সভাপতি/সাধারণ সম্পাদক, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস্ অব বাংলাদেশ (আটাব) |
| ১১. | প্রতিনিধি, বিজনেস অটোমেশন লিমিটেড |

**সদস্য-সচিব**

| | |
|---|---|
| ১২. | উপসচিব (হজ-১), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |

**কার্যপরিধি :**

(১) হজ যাত্রীদের বিমানে গমনাগমন সহজীকরণের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপন্থা নির্ধারণ ও সংশ্লিষ্টদের নিয়মিত অবহিতকরণ;

(২) হজ ফ্লাইট শিডিউল পরিবীক্ষণ;

(৩) হজ এজেন্সিসমূহের নিকট সরাসরি টিকেট বিক্রয়ে সহযোগিতা প্রদান;

(৪) নির্ধারিত তারিখে হাজীদের বিমানবন্দরে প্রেরণ ও ইমিগ্রেশন প্রভৃতি কাজে সহায়তা প্রদান; এবং

(৫) কমিটি প্রয়োজনানুযায়ী সভায় মিলিত হয়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে এবং সংশ্লিষ্ট সকলকে নিয়মিত অবহিত করবে।

নং **৩০.০০.০০০০.০১৭.৯৯.১৫৫.২১-৬০**—হজযাত্রী পরিবহন কার্যক্রম-২০২২, তদারকি, সমন্বয়, নির্বিঘ্ন ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে নির্দেশক্রমে “হজ টাস্কফোর্স-২০২২” গঠন করা হলো :

**আহবায়ক**

| | |
|---|---|
| ১. | সদস্য প্রশাসন (অতিরিক্ত সচিব), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ |

**সদস্যবৃন্দ**

| | |
|---|---|
| ২. | যুগ্মসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩. | পরিচালত (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড |
| ৪. | পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, ঢাকা |
| ৫. | উপসচিব (বিমান), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |
| ৬. | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর উপসচিব পর্যায়ের ০১ (এক) জন প্রতিনিধি |
| ৭. | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর উপসচিব পর্যায়ের ০১ (এক) জন প্রতিনিধি |
| ৮. | পরিচালক, এভসেক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর |
| ৯. | ডেপুটি কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর |
| ১০. | সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স-এর ০১ (এক) জন উপযুক্ত প্রতিনিধি |
| ১১. | প্রতিনিধি, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) |
| ১২. | প্রতিনিধি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট্স অব বাংলাদেশ (আটাব) |

**কার্যপরিধি :**

(১) ‘হজ ফ্লাইট-২০২২’ এর সিডিউল অনুযায়ী হজ-পূর্ব (Pre-Hajj) এবং হজ-উত্তর (Post-Hajj) হজযাত্রীদের বহনকারী উড়োজাহাজ চলাচল তদারকি;

(২) সিডিউল অনুযায়ী হজযাত্রীদের যাতায়াত সুষ্ঠু ও সহজতর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৩) হজ টাস্কফোর্স-২০২২ হজযাত্রী পরিবহন কার্যক্রমের প্রস্তুতি/পরিচালনা সমন্বয়ের লক্ষ্যে প্রতিমাসে ন্যূনতম দু'টি সভা করে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল;

(৪) হজযাত্রীদের নির্বিঘ্নে হজে গমন ও দেশে প্রত্যাবর্তন সম্পন্ন না হওয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যাহত থাকবে এবং দায়িত্ব-শেষে এ বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ; এবং

(৫) টাস্কফোর্স প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আব্দুল আউয়াল**
উপসচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১১** জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/২৫ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৫৪.০০.০০০০.০২৩.০২৭.০০৪.১৬-১২০**—যেহেতু, জনাব মো: মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-এর বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অফিসে অনুপস্থিত থাকা, কাজে অবহেলা এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্য করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো হয়। তিনি ০২-০৫-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং ১৪-০৭-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মফিজ উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক জনাব মীর আলমগীর হোসেন, উপসচিব (প্রশাসন-৪)-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। গত ২৫-১১-২০২০ তারিখে তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মো: মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ (Misconduct)-এর অভিযোগ স্বাক্ষ্য প্রমাণ ও তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন; এবং

যেহেতু, জনাব মো: মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে আনীত

"অসদাচরণ" এর (বিভাগীয় মামলা নং ০২/২০১৯, তারিখ : ১৬-০৪-২০১৯) অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (ক) বিধি অনুযায়ী তাকে 'তিরস্কার' নামীয় লঘুদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা তার উপর আরোপিত উল্লিখিত লঘুদণ্ডাদেশ মওকুফের জন্য গত ২৭-০৩-২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী সমীপে আপিল আবেদন পেশ করলে মাননীয় প্রধানমন্ত্রী সদয় হয়ে জনাব মোঃ মফিজ উদ্দিন-এর আপিল আবেদন বিবেচনা করে পূর্বে প্রদত্ত 'তিরস্কার' নামীয় লঘুদণ্ডাদেশ বাতিল করে তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করেছেন;

সেহেতু, জনাব মো: মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় 'তিরস্কার' নামীয় লঘুদণ্ড প্রদান করে জারীকৃত রেলপথ মন্ত্রণালয়ের গত ০৩-০২-২০২২ তারিখের ৫৪.০০.০০০০.০২৩.০২৭.০০৪.১৬-২৮ নম্বর প্রজ্ঞাপনটি বাতিলপূর্বক তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হুমায়ুন কবীর**
সচিব।

---

**আইন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/২৬ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৫৪.০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-১০৯**—"রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত)" এর গত ১৫ ফাল্গুন, ১৪২৮/২৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের ৫৪.০০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-৩৮ নং প্রজ্ঞাপনটির ৩(ঘ) ধারা নিম্নরূপ সংশোধন করা হলো :

| ধারা | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|
| ৩(ঘ) | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা। | ৩ (ঘ) (i) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ii) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ১০(দশ) বছরের অভিজ্ঞতা এবং আপীল বিভাগে তালিকাভুক্তিসহ মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা সংশোধন করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী নিয়ামুল ইসলাম**
সহকারী সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/০৯ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৫.০২২.০১৫.০০.০০.০৫২.২০১৩-২৯০**—শেখ মনিরুল ইসলাম (৬০১৯৭৩), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকাকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-০১-২০২২ তারিখ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

---

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**হজ-১ শাখা**

**বিজ্ঞপ্তিসমূহ**

**তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯/১১ মে ২০২২**

**নং ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৪২১**—এতদ্বারা ২০২২ সালে হজে গমণের জন্য সম্মানিত হজ যাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক হজযাত্রী নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত সময়সূচি নির্ধারণ করা হয়েছে:

| ব্যবস্থাপনা | নিবন্ধনের অর্থ পরিশোধ শুরুর তারিখ | নিবন্ধনের অর্থ পরিশোধের শেষ তারিখ | নিবন্ধনের জন্য সর্বশেষ প্রাক-নিবন্ধনের ক্রমিক নম্বর |
|---|---|---|---|
| সরকারি ব্যবস্থাপনা | ১৬ মে ২০২২ | ১৮ মে ২০২২ | ২০২০ সালের নিবন্ধিত সকল হজযাত্রী এবং প্রাক- নিবন্ধনের সর্বশেষ ক্রমিক ২৫,৯২৪ পর্যন্ত |
| বেসরকারি ব্যবস্থাপনা | ১৬ মে ২০২২ | ১৮ মে ২০২২ | ২০২০ সালের সকল নিবন্ধিত ব্যক্তি |

**০২। সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য:**

| | |
|---|---|
| (ক) | হজযাত্রী নিবন্ধনের জন্য আবশ্যিকভাবে Passport থাকতে হবে। পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে পরবর্তী ৬ মাস অর্থাৎ ২০২৩ সালের ০৪ জানুয়ারি পর্যন্ত থাকতে হবে। হজযাত্রীর দাখিলকৃত পাসপোর্টের সঠিকতা অনলাইনে যাচাই করা হবে। পাসপোর্ট সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের জন্য আঞ্চলিক পাসপোর্ট অফিসে স্থাপিত নির্ধারিত হজ হেল্পডেস্ক অথবা পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় যোগাযোগ করতে হবে। |

| | |
|---|---|
| (খ) | নিবন্ধনের পর কোন হজযাত্রী কোন কারণে হজে যেতে না পারলে শুধু বিমান ভাড়া এবং খাবার বাবদ গৃহীত টাকা ফেরত পাবেন। তবে বিমানের টিকিট নিশ্চিত হওয়ার পর হজযাত্রা বাতিল করলে বিমানের টিকিটের টাকা ফেরত পাবেন না। |
| (গ) | নিবন্ধনের পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ সংক্রান্ত বিষয়ে কোন চার্জ আরোপিত হলে বা অন্য কোন খাতে ব্যয় বৃদ্ধি পেলে তা যথাসময়ে হজযাত্রীকে অবহিত করা হবে এবং তা প্যাকেজ মূল্যের সঙ্গে যোগ হবে। পরবর্তী নির্দেশনানুযায়ী অতিরিক্ত অর্থ পরিশোধ করতে হবে। |
| (ঘ) | প্রযোজ্যক্ষেত্রে হজযাত্রীগণ মাহরামসহ একই সঙ্গে হজে যাওয়ার জন্য নিবন্ধন ফরম পূরণ করে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি), স্থানীয় ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, হজ অফিস, আশকোনা বিমান বন্দর, ঢাকার মাধ্যমে নিবন্ধন ভাউচার তৈরি করতে পারবেন। যদি কেউ আলাদা ফ্লাইটে সফর করতে চান তাহলে অবশ্যই আলাদাভাবে নিবন্ধন করতে হবে। |
| (ঙ) | হজযাত্রীকে হজ প্যাকেজের অতিরিক্ত কুরবানি বাবদ ৮১০(আটশত দশ) সৌদি রিয়াল সঙ্গে নিতে হবে। |
| (চ) | সরকারি হজযাত্রীদের ভিসা প্রাপ্তির জন্য প্যাকেজ স্থানান্তর/নিবন্ধনের ৩ দিনের মধ্যে সরকারি ব্যস্থাপনার হজযাত্রীদের স্ব স্ব পাসপোর্ট ও কোভিড ভ্যাকসিন সার্টিফিকেট নিজ দায়িত্বে বিনা ব্যর্থতায় হজ অফিস ঢাকায় জমা দিতে হবে। |
| (ছ) | **সরকারি হজযাত্রীদের হজ ফ্লাইট:** সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য ঢাকা-জেদ্দা-মদিনা-মক্কা-জেদ্দা-ঢাকা রুটের জন্য ফ্লাইটভিত্তিক ট্রাভেল প্যাকেজ (যাঁরা একই হজ ফ্লাইটে যাবেন এবং একইসঙ্গে এক মোয়াল্লেমের অধীনে মক্কার বাড়ি হতে মুভমেন্ট করবেন) তৈরি করা হবে। হজযাত্রার তারিখ ও সময় নির্ধারণপূর্বক সৌদি ই-হজ সিস্টেমে সকল তথ্য অগ্রিম প্রদান করে ভিসা তৈরি করা হয় বিধায় পরিচালক, হজ অফিস, ঢাকার সিদ্ধান্ত মোতাবেক সরকারি ব্যবস্থাপনার সকল হজযাত্রীকে নির্ধারিত ট্রাভেল প্যাকেজে হজে গমন ও প্রত্যাগমন করতে হবে। |
| (জ) | শূন্য কোটা পূরণের জন্য সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিতদের মধ্য হতে প্রাক-নিবন্ধনের ক্রম অনুসারে পাসপোর্টসহ পরিচালক হজ অফিস ঢাকার নিকট আবেদন করা হলে তার অনুমোদক্রমে নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন করতে পারবেন। এরূপ কোটা হজযাত্রীদের প্যাকেট-২ এ যেতে হবে। |
| (ঞ) | বাস্তব প্রয়োজনে নিবন্ধন সংক্রান্ত কোন নিয়মের পরিবর্তন হলে সেটি যথাসময়ে বিজ্ঞপ্তি/SMS এর মাধ্যমে অবহিত করা হবে। |

**(ক) ২০২০ সালে নিবন্ধিত হজযাত্রীগণের জন্য অনুসরণীয় বিষয়াদি:**

(ক) ২০২০ সনের ৩টি প্যাকেজের যে কোনটিতে নিবন্ধিত হজযাত্রীকে ২০২২ সনের জন্য ঘোষিত প্যাকেজ-১ অথবা প্যাকেজ-২ এর যে কোন একটি প্যাকেজ নির্বাচন করে ২০২২ সনের জন্য নতুন করে নিবন্ধন সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে, বর্তমানে নির্বাচিত প্যাকেজের মূল্য হতে ইতিমধ্যে ২০২০ সনে প্রদান করা নিবন্ধনের অর্থ সমন্বয় করে অবশিষ্ট অর্থ সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নং ০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proceeds of Hajj Deposit) এ প্যাকেজ স্থানান্তর ভাউচারের মাধ্যমে জমা প্রদান করে প্যাকেজ স্থানান্তর সনদ গ্রহণ করতে হবে। নগদ অথবা ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে টাকা জমা দেওয়া যাবে। এ ক্ষেত্রে ব্যাংক হজযাত্রীতে কোন ফি ছাড়া প্যাকেজ স্থানান্তর সনদ প্রদান করবে। নির্ধারিত তারিখে ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নগদায়ন না হলে ব্যাংক প্যাকেজ স্থানান্তর বাতিল করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করবে।

(খ) ২০২০ সনে যে সকল নিবন্ধিত হজযাত্রী প্যাকেজ স্থানান্তরের মাধ্যমে ২০২২ সনে নিবন্ধন চূড়ান্ত করবেন না অথবা হজে যেতে পারবেন না, তাঁদের হজ নিবন্ধন বাতিল বলে গণ্য হবে এবং তাঁরা বিধি মোতাবেক নিবন্ধন বাবদ প্রদত্ত অর্থ ফেরত পাবেন।

**(খ) ২০২২ সনে নির্বাচিত প্রাক-নিবন্ধিত হজযাত্রীগণের জন্য অনুসরণীয় বিষয়াদি:**

(ক) প্রাক নিবন্ধনের সময় গৃহীত ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকার মধ্যে জমাকৃত ২৮,০০০ (আটাশ হাজার) টাকা সমন্বয় করে ২০২২ সালের হজ প্যাকেজ-১ এর হজযাত্রীকে (৫,২৭,৩৪০-২৮,০০০)=৪,৯৯,৩৪০(চার লক্ষ নিরানব্বই হাজার তিনশত চল্লিশ) টাকা এবং হজ প্যাকেট-২ এর হজযাত্রীকে (৪,৬২,১৫০-২৮,০০০) = ৪,৩৪,১৫০ (চার লক্ষ চৌত্রিশ হাজার একশত পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংক লিঃ স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নং ০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proceeds of Hajj Deposit) এ নিবন্ধন ভাউচারের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে জমা প্রদান করে নিবন্ধন সনদ গ্রহণ করতে হবে। নগদ অথবা ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে টাকা জমা দেওয়া যাবে। এ ক্ষেত্রে ব্যাংক হজযাত্রীকে কোন ফি ছাড়া নিবন্ধন সনদ প্রদান করবে। নির্ধারিত তারিখে ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নগদায়ন না হলে ব্যাংক কর্তৃপক্ষ হজযাত্রীর নিবন্ধন বাতিল করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করবে।

(খ) সরকারি ব্যবস্থপনায় প্রাক-নিবন্ধিত ব্যক্তি যদি প্রাক-নিবন্ধন বাতিল করতে চান, বিদ্যমান পদ্ধতিতে অন-লাইনে (হজ পোর্টালে) আবেদন করতে হবে। এ ক্ষেত্রে, প্রাক-নিবন্ধনের জন্য জমাকৃত ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকার মধ্য হতে প্রাক-নিবন্ধন ফি ২,০০০ (দুই হাজার) টাকা এবং প্রসেসিং ফি ৩,০০০ (তিন হাজার) টাকা কর্তন করে অবশিষ্ট ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা ফেরত প্রদান করা হবে।

(গ) প্রাথমিকভাবে প্রাক-নিবন্ধনের নির্ধারিত ক্রমিকের মধ্যে যারা নিবন্ধন করবেন না তাঁরা ২০২২ খ্রিঃ সনের হজে গমনে আগ্রহী নন মর্মে পরিগণিত হবেন। প্রাক-নিবন্ধিত যে সব ব্যক্তি ২০১৯ সালে হজে গমনের জন্য আহ্বান পেয়েছিলেন কিন্তু হজে যান নি সে সব ব্যক্তি যদি এ বছর নিবন্ধন না করেন তাহলে হজ আইন ও বিধি অনুযায়ী তাদের প্রাক-নিবন্ধন সয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

**০৩। বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের জন্য নিবন্ধন স্থানান্তরের নিমিত্ত অনুসরণীয় বিষয়াদি:**

(ক) বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী নিবন্ধন স্থানান্তরের জন্য আবশ্যিকভাবে Passport থাকতে হবে। পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে পরবর্তী ৬ মাস অর্থাৎ ২০২৩ সালের ০৪ জানুয়ারি পর্যন্ত থাকতে হবে। হজযাত্রীর দাখিলকৃত পাসপোর্টের সঠিকতা অনলাইনে যাচাই করা হবে। পাসপোর্ট সংক্রান্ত যে কোনো সমস্যা সমাধানের জন্য আঞ্চলিক পাসপোর্ট অফিসে স্থাপিত নির্ধারিত হজ হেল্পডেস্ক অথবা পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় যোগাযোগ করতে হবে।

(খ) বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের নিবন্ধনের জন্য প্রকাশিত প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের প্রাক-নিবন্ধিনকালীন গৃহীত ৩০,৭৫২.০০ টাকার মধ্যে প্রাক-নিবন্ধন ফি বাবদ ২,০০০ (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) সমন্বয়পূর্বক অবশিষ্ট (৩০,৭৫২−২,০০০)=২৮,৭৫২ (আটাশ হাজার সাতশত বায়ান্ন) টাকা ন্যূনতম প্যাকেজ মূল্যের সঙ্গে সমন্বয় করে হজযাত্রীর নিকট থেকে গ্রহণ করা হবে।

(গ) বেসরকারি ব্যবস্থাপনায় ২০২২ খ্রিঃ সনে নিবন্ধনের জন্য প্রাক-নিবন্ধনের সময় জমাকৃত ৩০,৭৫২.০০ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকার মধ্য হতে জমজম পানি বাবদ ১২.০০ সৌ.রি.)=২৯১.৬০ (দুইশত একানব্বই টাকা ষাট পয়সা) টাকা, ১% অতিরিক্ত বাড়ি ভাড়া বাবদ (৪২.০০ সৌ.রি.+১৫% ভ্যাট)=১১৭৩.৬৯ (এক হাজার একশত তিয়াত্তর) টাকা, স্থানীয় সার্ভিস চার্জ বাবদ-১০০০(এক হাজার) টাকা, হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) বাবদ ২০০.০০(দুইশত) টাকা, প্রশিক্ষণ ফি বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা এবং প্রাক-নিবন্ধন ফি বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকাসহ সর্বমোট (২৯১.৬০+১১৭৩.৬৯+১,০০০.০০+২০০.০০ +৩০০.০০+২,০০০.০০)=৪৯৬৫.২৯ (চার হাজার নয়শত পঁয়ষট্টি টাকা উনত্রিশ পয়সা) টাকা কর্তন করে অবশিষ্ট (৩০,৭৫২.০০−৪,৯৬৫.২৯)=২৫,৭৮৬.৭১ (পঁচিশ হাজার সাতশত ছিয়াশি টাকা একাত্তর পয়সা) টাকা (জন প্রতি) নিবন্ধন স্থানান্তরের সাথে সাথে নিবন্ধনকারী হজ এজেন্সির মোট হজযাত্রী সংখ্যার বিপরীতে সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি IBAN এর মাধ্যমে পরিশোধের নিমিত্ত সৌদি আরবে হজযাত্রী প্রেরণকারী এজেন্সির অনুকূলে উক্ত হজ এজেন্সির অনুকূলে একাউন্টে পেয়ী চেকের মাধ্যমে ফেরত প্রদান করা হবে।

(ঘ) বেসরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে এজেন্সির সাথে হজযাত্রীর চুক্তি অনুযায়ী ২০২০ সনে নিবন্ধনের অর্থ সমন্বয় করে ২০২২ সনের প্যাকেজে ঘোষিত অবশিষ্ট অর্থ নিবন্ধনকারী সংশ্লিষ্ট হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক একাউন্টে আগামী ১৮ মে, ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদান করবেন। হজযাত্রীর কাছ হতে প্যাকেজে ঘোষিত অর্থ প্রাপ্তির পরেই সংশ্লিষ্ট এজেন্সির ইউজার হজ ব্যবস্থাপনা সিস্টেমে (HMIS) তাঁর পিলগ্রিম আইডি (PID) প্রদান করবে। যে সব নিবন্ধিত হজযাত্রীর বিপরীতে প্যাকেজ মূল্যের অবশিষ্ট অর্থ নিবন্ধনকারী সংশ্লিষ্ট হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক কর্তৃক নিশ্চিত হবে না, সে সব নিবন্ধিত হজযাত্রী হজে গমনে ইচ্ছুক নয় বলে গণ্য হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট এজেন্সি বিমান ভাড়া বাবদ অর্থ সংশ্লিষ্ট এয়ারলাইন্স বরাবর টিকিটের জন্য পে-অর্ডার ব্যতীত উত্তোলন করতে পারবে না।

(ঙ) বেসরকারি হজ ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সরকার ৪,৫৬,৫৩০.০০ (চার লক্ষ ছাপান্ন হাজার পাঁচশত ত্রিশ) টাকার প্যাকেজ ঘোষণা করেছে। এজেন্সিসমূহ তা অনুসরণ করবে; অথবা সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ-১ (৫,২৭,৩৪০.৪৮), প্যাকেজ-২ (৪,৬২,১৫০.০০) এর সঙ্গে সামঞ্জস্য রেখে হজ প্যাকেজ ঘোষণা করতে পারবে তবে সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ-২ এর মূল্যের কম নয়। এ ক্ষেত্রে হজযাত্রীকে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের ন্যায় সুবিধা প্রদান করতে হবে। এজেন্সি কর্তৃক ঘোষিত হজ প্যাকেজ হজ ব্যবস্থাপনা পোর্টাল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়; HAAB ও সংশ্লিষ্ট এজেন্সির নিজস্ব ওয়েবসাইট এ upload করতে হবে।

(চ) হজযাত্রীকে হজ প্যাকেজের অতিরিক্ত কুরবানি বাবদ ৮১০ (আটশত দশ) সৌদি রিয়াল পৃথকভাবে সঙ্গে নিতে হবে।

(ছ) রাজকীয় সৌদি সরকারের সাথে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অনুযায়ী যে কোন হজ এজেন্সির ন্যূনতম ৯৭ জনের নিবন্ধিত থাকতে হবে। যদি কোন হজ এজেন্সির ন্যূনতম ৯৭ হজ নিবন্ধিত হজযাত্রী না থাকে, হজ আইন ও বিধি অনুসরণ করে লিড এজেন্সি নির্ধারণ করতে হবে। অতঃপর সমঝোতাকারী এজেন্সিকে নিবন্ধিতদের অনলাইনে লিড এজেন্সির অনুকূলে বিদ্যমান পদ্ধতিতে স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। স্থানান্তরিত হজযাত্রীদের যাবতীয় দায়-দায়িত্ব লিড এজেন্সি (নিবন্ধনকারী) গ্রহণ করবে। মোয়াল্লেম অবশ্যই লিড এজেন্সির হতে হবে। এ জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং এর অধীনে প্রণীত হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ (খসড়া) মোয়াল্লেম বিষয়ে বর্ণিত নির্দেশনা ও ০৯-০৫-২০২২ তারিখে ৪০০ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট এজেন্সিকে এ তথ্য আবশ্যিভাবে আন্তঃএজেন্সি স্থানান্তর অথবা সমন্বয়ের পূর্বে হজযাত্রীকে জানাতে হবে।

(জ) নিবন্ধন স্থানান্তর কার্যক্রম চলাকালে বিদ্যমান পদ্ধতিতে প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের এজেন্সি স্থানান্তর (Transfer) কার্যক্রম চলমান থাকবে। ২০২২ সালে ঘোষিত হজ প্যাকেজের ৩.৪ অনুচ্ছেদ অনুযায়ী কোন হজযাত্রীর লিখিত আবেদনের প্রেক্ষিতে এজেন্সি স্থানান্তর করা হলে হজযাত্রীকে প্রাক-নিবন্ধিত এজেন্সি বরাবর ২,০০০ (দুই হাজার) টাকা স্থানান্তর/সার্ভিস চার্জ প্রদান করতে হবে। তবে এজেন্সির কোটা পূরণ, সমন্বয় কিংবা অভিযোগের কারণে এজেন্সি হজযাত্রী প্রেরণের জন্য মনোনীত না হলে সে ক্ষেত্রে হজযাত্রীর সম্মতিক্রমে এজেন্সি স্থানান্তর করা হলে কোন সার্ভিস চার্জ আদায় করা যাবে না।

(ঝ) বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত ব্যক্তি যদি প্রাক-নিবন্ধন বাতিল করতে চান, তাঁকে ব্যাংকের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে , প্রাক-নিবন্ধনের জন্য জমাকৃত ৩০,৭৫২.০০ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকার মধ্য হতে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা কর্তন করে অবশিষ্ট ২৫,৭৫২ (পঁচিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা ফেরত প্রদান করা হবে।

(ঞ) নিবন্ধনের পর কোন হজযাত্রী কোন কারণে হজে যেতে না পারলে শুধু বিমান ভাড়া এবং খাবার বাবদ গৃহীত টাকা ফেরত পাবেন। তবে বিমানের টিকিট নিশ্চিত হওয়ার পর হজযাত্রা বাতিল করলে বিমানের টিকিটের টাকা ফেরত পাবেন না।

(ট) নিবন্ধনের পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ সংক্রান্ত বিষয়ে কোন চার্জ আরোপিত হলে বা অন্য কোন খাতে ব্যয় বৃদ্ধি পেলে তা যথাসময়ে হজযাত্রীকে অবহিত করা হবে এবং তা প্যাকেজ মূলের সঙ্গে যোগ হবে। পরবর্তী নির্দেশনানুযায়ী অতিরিক্ত এ অর্থ পরিশোধ করতে হবে।

(ঢ) হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ ও হজ ও ওমরাহ বিধিমালা ২০২২ (খসড়া) বিধির ৪.৪ অনুচ্ছেদ অনুযায়ী প্রত্যেক হজ এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/ পরিচালক এবং হজযাত্রীকে পরস্পর চুক্তি সম্পাদন করবেন। চুক্তিপত্রে হজযাত্রীকে প্রদত্ত সুবিধার কথা উল্লেখ করতে হবে। হজযাত্রী প্রাপ্ত সকল সুবিধা সম্পর্কে জেনে চুক্তিতে স্বাক্ষর করবেন ও চুক্তির মূলকপি সংরক্ষণ করবেন এবং অপর দুই কপি যথক্রমে সংশ্লিষ্ট হজ এজেন্সি ও হজ অফিস, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

(ড) হজযাত্রীকে সরাসরি এজেন্সির সঙ্গে পরিচিত হয়ে চুক্তিবদ্ধপূর্বক এজেন্সির সংশ্লিষ্ট ব্যাংক Account এর মাধ্যমে আর্থিক লেনদেন করতে হবে কোন মধ্যস্বত্বভোগী/তথাকথিত মোয়াল্লেম বা গ্রুপলিডার/ গাইডের মাধ্যমে টাকা জমা প্রদান করা যাবে না। অন্যথা প্রতারিত হলে এর দায়দায়িত্ব সংশ্লিষ্ট হজযাত্রীকেই বহন করতে হবে। আর্থিক লেনদেন করার পূর্বে হজ এজেন্সি ২০২২ সালে হজযাত্রী প্রেরণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত কি না তা www.hajj.gov.bd ওয়েব সাইট থেকে জেনে নিতে হবে।

(ঢ) হজযাত্রী কোন পচনশীল খাদ্যদ্রব্য/তামাক/পান-সুপারি/জর্দা অর্থাৎ নেশা জাতীয় দ্রব্য এবং চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত অননুমোদিত ঔষধ এবং অবৈধ মালামাল বহন করতে পারবেন না। এ ধরনের কোন কিছু বহনের জন্য হজযাত্রী রাজকীয় সৌদি সরকারের কঠোর আইনের সম্মুখীন হবেন।

(ণ) হজযাত্রীকে সরাসরি তাঁর এজেন্সি থেকে বিমানের টিকিট সংগ্রহ করতে হবে। বিমানের টিকিট বাবদ প্যাকেজে উল্লিখিত মূল্যের অতিরিক্ত মূল্য গ্রহণ করা হলে তাৎক্ষণিকভাবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়কে অবহিত হতে হবে।

(ত) ২০২২ সালের জন্য প্রকাশিত বৈধ হজ এজেন্সির তালিকাভুক্ত হজ এজেন্সিসমূহ নিবন্ধন কার্য সম্পন্ন করতে এবং সৌদি আরবে হজযাত্রী প্রেরণ করতে পারবে।

(থ) সৌদি আরবে এজেন্সিভিত্তিক হজযাত্রীর তথ্য প্রেরণের পর সকল ধরনের প্রতিস্থাপন (Replacement) এর কার্যক্রম শুরু হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৯/২৭ মে ২০২২

নং **১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৬২৩**—সরকারি ব্যবস্থাপনায় ২০২২ সনের সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের হজের নিবন্ধন শনিবার ২৮-০৫-২০২২ খ্রিষ্টাব্দে শেষ হবে। প্রাক-নিবন্ধনের ক্রমিক ২৯৪৬২ এর মধ্যে থাকা হজযাত্রীগণকে উক্ত সময়ের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ২৮-০৫-২০২২ তারিখ শনিবার হজকার্যক্রমে সম্পৃক্ত সকল ব্যাংক খোলা থাকবে।

০২। উল্লেখ্য, সরকারি সকল প্যাকেজে বৃদ্ধিকৃত ৫৯,০০০ (উনষাট হাজার) টাকা সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নং ০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proseeds of Hajj Deposit) অনুকূলে আগামী ২৮–৩০ মে, ২০২২ এর মধ্যে পে-অর্ডার করে পে-অর্ডারটি পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা এর নিকট জমা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে পে-অর্ডার জমা না দিলে ভিসা প্রক্রিয়া স্থগিত থাকবে।

০৩। বেসরকারি ব্যবস্থাপনার সকল হজযাত্রীকে উক্ত অর্থ সংশ্লিষ্ট এজেন্সির নিবন্ধন কাজে ব্যবহৃত ব্যাংক একাউন্টে আগামী ২৮–৩০ মে, ২০২২ এর মধ্যে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
উপসচিব।

---

**ওমরাহ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/০৯ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **১৬.০০.০০০০.০০৩.৩৩.২০৭.১৭-১৬৬**—যেহেতু, আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যস্থাপনায় হজ পরিচালনাকারী হারামাইন এভিয়েশন (হজ লাইসেন্স নং-১৫২২), 353, Cordova Monoroma, Azampur Super Market, Dakkhin Khan, Dhaka-1230 এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু, আপনি সরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এ বর্ণিত শর্তসমূহ পালনে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ সাইফুল ইসলাম, গ্রাম-তুমুলিয়া, পোঃ-দুরহাটি, থানা: কালিগঞ্জ, জেলা-গাজীপুর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছে;

"ভুয়া সিভিল এভিয়েশন সনদ দিয়ে হজ লাইসেন্স নেয়া সংক্রান্ত অভিযোগ"

০৪। যেহেতু, "ভুয়া সিভিল এভিয়েশন সনদ যাচাইয়ের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে গত ৩০-০৫-২০২১ খ্রিঃ তারিখে ১১১নং স্মারকে পত্র দেয়া হয়;

০৫। যেহেতু, দাখিলকৃত অভিযোগের বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে যাচাই করে গত ৩১-১০-২০২১ খ্রিঃ

তারিখের ২৬০নং স্মারকে লাইসেন্স গ্রহণকালে দাখিলকৃত সনদটি সঠিক নয় মর্মে জানানো হয়েছে;

০৬। যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগটি অভিযোগ তদন্ত কমিটি কর্তৃক তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

০৭। যেহেতু, এ মন্ত্রণালয়ের ০২-০১-২০২২ তারিখের স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩৩.২০৭.১৭-২৪৯ মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে এ ধরনের প্রতারণামূলক ভুয়া সিভিল এভিয়েশন সনদ দিয়ে হজ লাইসেন্স গ্রহণ সংক্রান্ত অভিযোগের জন্য কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৮। যেহেতু, আপনি ১২-০১-২০২২ তারিখে লিখিত জবাব দাখিল করেছেন এবং লিখিত জবাবে কোন সন্তোষজনক বক্তব্য পাওয়া যায়নি। তাছাড়া ভুয়া ট্রাভেল এজেন্সি সনদের অভিযোগ এড়াতে পারেনি; এবং

৯। যেতেতু, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এর অধীন দফা "ঞ" অনুসারে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের যুক্তিসংগত কারণ বিদ্যমান;

১০। যেহেতু, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১৩ এর অধীন দফা "ক" অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ করেছেন;

১১। সেহেতু, নিবন্ধন কর্তৃপক্ষের আদেশ মোতাবেক হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ এর ১৩ এর অধীন দফা "ক" অনুসারে হারামাইন-এভিয়েশন (হজ লাইসেন্স নং-১৫২২) এজেন্সিকে ৩,০০,০০০ টাকা জরিমানা করা হলো।

১২। জরিমানাকৃত অর্থ আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে ১-৩৫০১-০০০১-১৯০১ নং কোর্ডে জমা প্রদান করে চালানের মূল কপি হজ অনুবিভাগে দাখিল করবেন। অন্যথায় আপনার এজন্সি হারামাইন এভিয়েশন (হজ লাইসেন্স নং-১৫২২) এর ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধ করে দেয়া হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
উপসচিব।

---

**সংস্থা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৯/২২ মে ২০২২

নং **১৬.০০.০০০০.০০৪.০৬.১১১.১৯-৭৯**—বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন ২০১৮-এর ৫নং ধারা অনুযায়ী সরকার কর্তৃক নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। | চেয়ারম্যান (পদাধিকার বলে)। |
| (২) | জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় সংসদ সংস্য, ৩ ঠাকুরগাঁও-১ | সিনিয়র ভাইস চেয়ারম্যান-১ |
| (৩) | জনাব আরমা দত্ত, মাননীয় সংসদ সদস্য, ৩১১ মহিলা আসন-১১ | সিনিয়র ভাইস চেয়ারম্যান-২ |
| (৪) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। | ট্রাস্টি (পদাধিকারবলে) |
| (৫) | জনাব সুপ্ত ভূষণ বড়ুয়া, পিতা-বিধু ভূষণ বড়ুয়া, রোড-১০/এ, বাসা নং-২৩৬/২, ধানমন্ডি, ঢাকা। | ভাইস-চেয়ারম্যান |
| (৬) | জনাব মিথুন রশ্মি বড়ুয়া, পিতা-মৃত ডাঃ দ্বিজেন্দ্র লাল বড়ুয়া, গ্রাম-পশ্চিম রাউজান, ডাকঘর-রমজান আলী হাট, উপজেলা-রাউজান, জেলা-চট্টগ্রাম। | ট্রাস্টি |
| (৭) | মিসেস ববিতা বড়ুয়া, স্বামী-অরুণ বড়ুয়া, গ্রাম ও ডাকঘর-পদুয়া, উপজেলা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম। | |
| (৮) | মিসেস রূপনা চাকমা, স্বামী-জীবনানন্দ চাকমা, সাং-দক্ষিণ খবংপড়িয়া, উপজেলা-খাগড়াছড়ি সদর, জেলা-খাগড়াছড়ি। | ট্রাস্টি |
| (৯) | জনাব রঞ্জন বড়ুয়া,পিতা-মিহির রঞ্জন বড়ুয়া, গ্রাম-দক্ষিণ ঘাটচেক ৪নং পৌর ওয়ার্ড, ডাকঘর-রাঙ্গুনিয়া, উপজেলা-রাঙ্গুনিয়া, জেলা-চট্টগ্রাম। | |
| (১০) | জনাব জয় সেন তঞ্চঙ্গ্যা, পিতা-বান্দর্য্যা তঞ্চঙ্গ্যা, গ্রাম-লত্যাছড়ি ৬নং ওয়ার্ড ৩নং ফারুয়া ইউনিয়ন, ডাকঘর-বিলাইছড়ি, উপজেলা-বিলাইছড়ি, জেলা-রাঙ্গামাটি পার্বত্য জেলা। | |
| (১১) | জনাব জ্যোতিষ সিংহ, পিতা-মৃত মনমোহন সিংহ, গ্রাম-আলীশ্বর, ডাকঘর-আলীশ্বর, উপজেলা-লালমাই, জেলা-কুমিল্লা। | |
| (১২) | জনাব হ্লা থোয়াই হ্লী মার্মা, পিতা-মৃত অং সা প্রু মার্মা, গ্রাম-বেতছড়া হেডম্যান পাড়া, ডাকঘর-তারাছা মুখ-৪৬১০, উপজেলা-রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা। | |

২। পুনর্গঠিত ট্রাস্টি বোর্ড এর মেয়াদকাল ২৪-০৭-২০২৪ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করতে পারবেন। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ডের চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র দাখিল করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. ফরিদ আহম্মেদ**
সহকারী সচিব।

**হজ-১ শাখা**

**জরুরি বিজ্ঞপ্তি**

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৯/২২ মে ২০২২

নং **১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৫৬৬**—ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১১-০৫-২০২২ তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৪২১ নম্বর বিজ্ঞপ্তি ও ১২-০৫-২০২২ তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৪৩৪ নম্বর এবং ১৮-০৫-২০২২ তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৪৯৪ নম্বর বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ১৪৪৩ হিজরি সনের সরকারি ব্যবস্থাপনাধীন হজ পালনে আগ্রহী হজযাত্রীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ ০১ এর নিবন্ধন কার্যক্রম ২২-০৫-২০২২ তারিখ সন্ধ্যায় বন্ধ করা হয়েছে। শূন্য কোটা পূরণের জন্য সরকার ঘোষিত হজ প্যাকেজ অনুযায়ী নিম্নোক্তভাবে বর্ধিত সময়সূচি ঘোষণা করা হলো:

| ব্যবস্থাপনা | নিবন্ধনের অর্থ পরিশোধে বর্ধিত সময়ের শুরুর তারিখ | নিবন্ধনের অর্থ পরিশোধে বর্ধিত শেষ তারিখ | বর্ধিত সময়ে নিবন্ধনের জন্য প্রাক-নিবন্ধনের সর্বশেষ ক্রমিক নম্বর |
|---|---|---|---|
| সরকারি ব্যবস্থাপনা | ২৩ মে ২০২২ | ২৪ মে ২০২২ ব্যাংকিং সময় পর্যন্ত | প্রাক-নিবন্ধনের ক্রমিক ২৫,৯২৫ হতে সর্বশেষ ক্রমিক ২৭,১০৫ পর্যন্ত। |

০২। উল্লেখ্য, বর্ণিত সময়ে নিবন্ধনকারী ব্যক্তিগণ কেবলমাত্র সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ-২ এর অধীনে নিবন্ধনের সুযোগ পাবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
উপসচিব।

---

**ওমরাহ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/১১ মে ২০২২ খ্রিষ্টাব্দ

নং **ধবিম/হঃশাঃ/৪-৩২৭/২০১৩-১৬৮**—যেহেতু, আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী কাবার পথে ট্যুরস এন্ড ট্রাভেল (হজ লাইসেন্স নং-৮৭১), ডাঃ নওয়াব আলী টাওয়ার (৭ম তলা) স্যুইট ৬০২, ২৪ পুরনা পল্টন, ঢাকা-১০০০ এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু, আপনি সরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এ বর্ণিত শর্তসমূহ পালনে দৃঢ় অঙ্গিকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনি হজ এজেন্সি হয়ে ওমরাহ লাইসেন্স না থাকা সত্ত্বেও ওমরাহযাত্রী প্রেরণের জন্য Facebook স্ট্যাটাস প্রদানসহ অভিযোগ উত্থাপিত হয়; এবং

"ওমরাহ প্যাকেজ ১২, ১৫, ১৯ ফেব্রুয়ারি দ্রুত বুকিং নিশ্চিতকরণ, কাবার পথে হজ গ্রুপ।"

০১৮১৯১৭১৭৬৮ এবং ১৭ ফেব্রুয়ারি ৭ জন ওমরাযাত্রী দরকার। খাওয়াসহ প্যাকেজ ১,৩০,০০০/- কাবার পথে হজ গ্রুপ।

০৪। যেহেতু, এ মন্ত্রণালয়ের ১৪-০২-২০২২ তারিখের স্মারক নং-ধবিম/হঃশাঃ/৪-৩২৭/২০১৩-৪৬ মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে এ ধরনের প্রতারণামূলক বিজ্ঞাপন প্রচারের জন্য কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৫। যেহেতু, আপনি ১৭-০২-২০২২ তারিখে লিখিত জবাব দাখিল করেছেন এবং এই ভুলের জন্য ক্ষমা চেয়ে ভবিষ্যতে এ ধরনের অভিযোগ যাতে না হয় সে বিষয়ে সতর্ক থাকার অঙ্গিকার করেছেন;

০৬। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্ত কমিটি কর্তৃক সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

০৭। যেহেতু, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এর অধীন দফা "ঠ" অনুসারে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের যুক্তিসংগত কারণ বিদ্যমান;

০৮। যেহেতু, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইনের ২০২১ এর ধারা ১৩(২)(ক) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ করেছেন;

০৯। সেহেতু, নিবন্ধন কর্তৃপক্ষের আদেশ মোতাবেক হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ এর ১৩(২) এর অধীন দফা "ক" অনুসারে কাবার পথে ট্যুরস এন্ড ট্রাভেল (হজ লাইসেন্স নং-৮৭১) এজেন্সিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হল।

১০। জরিমানাকৃত অর্থ আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে ১-৩৫০১-০০০১-১৯০১ নং কোডে জমা প্রদান করে চালানের মূলকপি হজ অনুবিভাগে দাখিল করবেন। অন্যথায় আপনার এজেন্সি কাবার পথে ট্যুরস এন্ড ট্রাভেল (হজ লাইসেন্স নং-৮৭১) এর ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধ করে দেয়া হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
উপসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**

**পরিকল্পনা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঃ/২৪ মে ২০২২খ্রিঃ

নং **৩৬.০০.০০০০.০৮১.১৪.০০৪.১৯-৯৭**—শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নাধীন 'সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ'-শীর্ষক প্রকল্পের আওতায় গুদাম নির্মাণের নিমিত্ত অনুমোদিত ডিপিপি'র

সংস্থান অনুযায়ী (OTM) দরপত্র মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে দরপত্র মূল্যায়ন কমিটি পুনর্গঠন করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম | পদবি ও প্রতিষ্ঠান | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১. | জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক | চেয়ারম্যান (গ্রেড-১), বিসিআইসি | সভাপতি |
| ২. | অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম | পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩. | জনাব সমীর বিশ্বাস | পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), বিসিআইসি | সদস্য |
| ৪. | প্রকৌঃ সতী নাথ বসাক | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-২, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৫. | জনাব মোঃ মোখলেছুর রহমান আকন্দ | উপসচিব (বিরা), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | প্রকৌঃ মোঃ আবুল কাশেম | প্রকল্প পরিচালক, ৩৪টি বাফার গুদাম নির্মাণ প্রকল্প, বিসিআইসি | সদস্য-সচিব |
| ৭. | প্রকৌঃ ইদি আমিন সরকার | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ৩৪টি বাফার গুদাম নির্মাণ প্রকল্প, বিসিআইসি | সদস্য |

**কমিটির কার্য পরিধিঃ**

দরপত্র মূল্যায়ন কমিটি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন করবে এবং আইন ও বিধির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুঃ নুরুল আমিন খান**
উপসচিব।

---

**সমাজ কল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯/১৮ মে ২০২২

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০০৬.২১.১০৮**—যেহেতু, জনাব মোঃ আব্দুল কাদের, জেনারেল ম্যানেজার, এতিম ও প্রতিবন্ধী শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, আশাশুনি, সাতক্ষীরা এর বিরুদ্ধে স্থানীয় সাংবাদিকবৃন্দের সাথে অনাকাঙ্ক্ষিত আচরণ, ০৮ নভেম্বর ২০২০ মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভার পর অফিসের ওয়াসরুম ব্যবহারকরত বের হওয়ার পর ক্যামেরায় ধারণ করা ভিডিও/ছবি মুছে ফেলার অভিপ্রায়ে দুইজন ফটো সাংবাদিকের সাথে ধস্তাধস্তি এবং সরকারি গাড়ি ব্যবহার করে সাপ্তাহিক ছুটিতে ঈশ্বরদী, পাবনায় যাতায়াত করার অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর (জনাব আব্দুল কাদের) বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" অভিযোগে ১৭/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত জবাব দাখিলের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলকরত তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক জনাব আব্দুল কাদের এর বিরুদ্ধে শিষ্টাচার বহির্ভূত কর্মকাণ্ডের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" অভিযোগ সন্দোহাতীতভাবে প্রমাণিত হয়।

সেহেতু, জনাব মোঃ আব্দুল কাদের, জেনারেল ম্যানেজার, এতিম ও প্রতিবন্ধী শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, আশাশুনি সাতক্ষীরা-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদানকরত ১৭/২০২১ নম্বর বিভাগীয় মামলা নিস্পত্তি করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০৩৩.২০.১১০**—যেহেতু, জনাব রজত শুভ্র সরকার, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর এর বিরুদ্ধে ২৪ সেপ্টেম্বর ২০১৬ চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন আশ্রাফপুর সাকিনে অবস্থিত গাজীবাড়ি ওয়েলফেয়ার ট্রাস্ট সায়দাতিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা আকস্মিক পরিদর্শনকালে প্রতিষ্ঠানটিতে ৪৪জন এতিম/দুস্থ নিবাসীর মধ্যে তিনজন এতিম এবং অবশিষ্ট ৪১ জন এতিম নয় বলে তথ্যগত ভুল অভিমত দিয়ে ২৬ সেপ্টেম্বর ২০১৬ মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর-কে লিখিতভাবে অবহিতকরত পক্ষপাতমূলক প্রতিবেদনের বরাতে এতিমখানার পরিচালনা পর্ষদের সদস্যদের আসামীভুক্ত করে অর্থ আদায় সংক্রান্ত মামলা দায়ের না করে কচুয়া থানায় ফৌজদারি (মামমলা নং-১১, তারিখ: ৩১ মার্চ ২০১৭) মামলা দায়ের করার অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, তাঁর উল্লিখিত কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় তাঁর বিরুদ্ধে ১১/২০২০ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

যেহেতু, অভিযোগ নামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলকরত তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, গাজীবাড়ি ওয়েলফেয়ার ট্রাস্ট, সায়াদাতিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানার বিষয়ে জনাব রজত সুভ্র সরকার

কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তথ্যগত ভুল নেই মর্মে প্রতীয়মান হয়। এতিমখানার বিরুদ্ধে পক্ষপাতমূলক প্রতিবেদন দেওয়ার বিষয়টি বিশ্বাসযোগ্য নয়। বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট বাস্তবায়ন নীতিমালা ২০১৫ অনুযায়ী পর্যাপ্ত এতিম/দুস্থ না থাকায় প্রতিষ্ঠানে ক্যাপিটেশন গ্রান্ট সঠিকভাবে ব্যবহৃত হয়নি। বছরে ২৬ জন নিবাসীর গ্রান্ট বাবদ বরাদ্দকৃত সরকারি অর্থের অপচয় হওয়ায় সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ক্যাপিটেশন গ্রান্ট বাতিল করা হয়েছে।

যেহেতু, তদন্ত প্রতিবেদন মোতাবেক জনাব রজত শুভ্র সরকার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতির" অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব রজত শুভ্র সরকার, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতির" দায় হতে একই বিধিমালার ৭(২)(ক) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহফুজা আখতার**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ বৈশাখ ১৪২৯/২৪ এপ্রিল ২০২২

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫০.২০-৮৫**—যেহেতু, ডাঃ তালুকদার মোঃ শাহজালাল লিমন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট-এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তিনি ১২-০৭-২০১৮ থেকে ১০-০৯-২০১৮ তারিখ পর্যন্ত চিকিৎসাজনিত ছুটির আবেদনপত্র দাখিল করে কর্মস্থল ত্যাগ করেন। তার প্রার্থিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পরেও কর্মস্থলে যোগদান করেননি লালমনিরহাট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ০২-১০-২০১৮ তারিখের জেপপ/লাল/শা-প্রশা/১৮/৫৭৯, ১৭-১২-২০১৮ তারিখের জেপপ/লাল/শা-প্রশা/১৮/৬৮১, এবং ২১-০৭-২০১৯ তারিখের জেপপ/লাল/শা-প্রশা/১৯/৪৮৮ স্মারকে কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হয়। তথাপিও তিনি কর্মস্থলে যোগদান করেননি। পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গত ২৯-১০-২০২০ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫০.২০-১৭১ স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী প্রথম কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি। মামলার ধারাবাহিকতায় তার অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়নের' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' গুরুদণ্ড আরোপের প্রস্তাব করে গত ২৯-১১-২০২১ খ্রিঃ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫০.২০-৪৫০ স্মারকে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মচারী ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক সরকারি 'চাকরি হতে বরখাস্ত' করার সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য ০৮-০২-২০২২ খ্রিঃ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫০.২০-৩১ স্মারকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

০৫। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে ২২-০৩-২০২২ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১০৭.০৪.০০৫.২২.৭ স্মারকে অভিযুক্ত কর্মচারীকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধির আওতায় অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদণ্ড অর্থাৎ সরকারি চাকরি হতে বরখাস্তকরণ করার কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

০৬। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' (Desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক ডাঃ তালুকদার মোঃ শাহজালাল লিমন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট-কে **'চাকরি হতে বরখাস্ত'** দণ্ড প্রদান করা হলো।

০৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল হাসান বাদল**
সচিব।

---

**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ এপ্রিল ২০২২ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৩৫.২০১৯-২১৪**—যেহেতু, ডা. উপমা গুহ রায় (১২০২৩১), সহকারী অধ্যাপক (ফিজিওলজি), সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা গত ১৬-০৪-২০১৯ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২৭-১০-২০১৯ খ্রিঃ তারিখের ৬০৪নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন;

সেহেতু, ০২-০৩-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ উপমা গুহ রায়কে অসদাচরণ ও পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধির আলোকে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য বর্তমান গ্রেড-৬ (৩৫,৫০০-৬৭,০১০/-) এর নিম্নতর স্তরে (মূল বেতন ৩৫,৫০০/-) অবনমিত করার লঘুদণ্ড আরোপ করা হল। উল্লিখিত ৩ (তিন) বছরের সমাপ্তিতে তার বেতন অবনমিতকরণকালকে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না। তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৩৫,৫০০-৬৭,০১০/- টাকার স্কেলে (৬ষ্ঠ গ্রেড) বর্তমানে প্রাপ্ত ধাপে প্রত্যাবর্তন করবেন। তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না। তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধি বিধানের যথাযথ প্রতিপালনে সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করতঃ চলমান বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১২ মে, ২০২২ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০১৬.২০২১-২৮৩**—যেহেতু, ডা. মোহাম্মদ রাশেদুল হাসান (১০০৪০৪৭), সিনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, নোয়াখালীকে ইতঃপূর্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই থাকাকালে স্বাস্থ্য সেবা বিভাগের পার-৩ শাখার ২০-০৫-২০১৮ তারিখের ২০৭ নং স্মারকে ঝালকাঠি সদর হাসপাতালে বদলি করা হলে তিন তাৎক্ষণিক অবমুক্ত হওয়ার পর ০৩-০৬-২০১৮ খ্রিঃ থেকে ১৭-০৯-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, এ প্রেক্ষিতে গত ২৮-১১-২০২১খ্রিঃ তারিখের ৪২৬নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা (নং ৬৫/২০২১) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ০২-০৩-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদান করেছেন;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা. মোহাম্মদ রাশেদুল হাসানের ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত বক্তব্য ও লিখিত জবানবন্দি সন্তোষজনক হওয়ায় তাকে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। তাকে ভবিষ্যতে অধিকতর গুরুত্ব ও আন্তরিকতার সঙ্গে সরকারি দায়িত্ব পালনের নির্দেশনা দিয়ে এ সংক্রান্ত বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২১ এপ্রিল, ২০২২ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৪৯.২০২১-২১৭**—যেহেতু, ডা. শুভ্রা দাস (১৪০৬৩০), সহকারী সার্জন (সাময়িক বরখাস্ত), বাটাজোর উপস্বাস্থ্য কেন্দ্র, গৌরনদী, বরিশালের বিরুদ্ধে গত ৩১-১২-২০১৯ খ্রিঃ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে স্বাস্থ্য সেবা বিভাগের ০২-০৫-২০২১ খ্রিঃ তারিখের ১৬২ নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, এ প্রেক্ষিতে গত ০২-০৫-২০২১ খ্রিঃ তারিখের ১৬০ নং স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, গত ১৭-০২-২০২২ খ্রিঃ তারিখের ৭১নং স্মারকে বিভাগীয় মামলায় লঘু দণ্ড হিসেবে ৫(পাঁচ) বছরের জন্য তার বার্ষিক বেতন বৃদ্ধি পুঞ্জিভূত হারে স্থগিত রাখার প্রজ্ঞাপন জারি করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হয়েছে;

সেহেতু, ডা. শুভ্রা দাসের সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হল। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে নিয়মিত কর্মকাল হিসেবে বিবেচনা করা হবে; তবে স্বাস্থ্য সেবা বিভাগের ২৭-০৩-২০২২ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৪৯.২০২১-১৫১ নম্বর স্মারকের আলোকে তার অনুপস্থিতিকাল ৩১-১২-২০১৯ খ্রিঃ হতে ১৭-০২-২০২২ খ্রিঃ মোট ২ বছর এক মাস ১৭ দিন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১২৭.১৯-২১৬**—যেহেতু, ডাঃ কাজী ফাইয়াদ মাহমুদ(১০০৪৭৭২), সহকারী সার্জন, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ঢাকা প্রাক্তন: মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মোল্লাহাট, বাগেরহাট গত ১৩-০৪-২০১৯ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১৩-০৪-২০১৯ খ্রিঃ তারিখের ৫৮০নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(এ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, ০১-০৩-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ কাজী ফাইয়াদ মাহমুদকে অসদাচরণ ও পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধির আলোকে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য বর্তমান বেতন গ্রেড-৯ (২২,০০০-৫৩,০৬০/-) এর নিম্নতম স্তরে (মুল বেতন ২২,০০০/-) অবনমিত করার লঘুদণ্ড আরোপ করা হল। উল্লিখিত ৩ (তিন) বছরের সমাপ্তিতে তার বেতন অবনমিতকালকে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না। তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ২২,০০০—৫৩,০৬০/- টাকার স্কেলে (নবম গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন। তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না। তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধি বিধানের যথাযথ প্রতিপালনে সর্তক থাকার জন্য নির্দেশ প্রদান করতঃ চলমান বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সিনিয়র সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/২৯ মে ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.২১.১৪১**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | বাহিরগ্রাম | ৯২ | ১৬৩৪ | নড়াইল সদর | নড়াইল |
| ০২ | আগদিয়া | ৯৫ | ৩৪৬১ | নড়াইল সদর | নড়াইল |
| ০৩ | গোবরা | ৯৬ | ২৪০৩ | নড়াইল সদর | নড়াইল |
| ০৪ | বিছালী | ১৮৬ | ২২১২ | নড়াইল সদর | নড়াইল |
| ০৫ | বসন্তপুর | ১৯ | ৮৫২ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৬ | ডাউটিয়া চাকিরগাতি | ৯৬ | ২৩৯৫ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৭ | দুধসর | ১৪২ | ২৮৭০ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৮ | ফলিয়া | ১৪৯ | ১১৪১ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ০৯ | পাঁচপাখিয়া | ১৭৪ | ১১৬১ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১০ | ডুমুরতলা | ৬০ | ২৩৮৭ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১১ | পান্না | ১৬ | ১২১৫ | মহম্মদপুর | মাগুড়া |
| ১২ | ধোয়াইল | ৭৩ | ১৭৬৭ | মহম্মদপুর | মাগুড়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-২ অধিশাখা**

**"ঘ"**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ কেস নং-এল এ (সাঃ) ৪৪/৬২-৬৩ / ৯৮/৮৪-৮৫**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক ঘোষণাপত্র**

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/১২ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৪৭.১৯.৮৭**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৯-০১-১৯৬৪ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হইয়াছে।

সেহেতু উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে, নিম্ন তফসিল বর্ণিত হুকুমদখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা-হামদহ, জে. এল নং-১৫৫, উপজেলা-ঝিনাইদহ সদর, জেলা-ঝিনাইদহ

| খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) | খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|---|---|
| ৩৭০ | ২৩০ | ০.৮৫ | ২৭২/৮ | ২৩৬ | ০.০৬ |
| ৩১৯ | ২৩১ | ০.০৩ | ২০৪ | ২৩৭ | ০.০১ |
| ৪০৯ | ২৩৩ | ০.২২ | ৩২৩ | ২৩৮ | ০.০৮ |
| ২৭২/৮ | ২৩৪ | ০.৩১ | ১, ২, ৩ | ৬৬৫ | ০.০৮ |
| ৩ | ২৩৫ | ০.০৬ | ১৩৯ | ৬৬৬ | ০.৭৬ |
| | | | | মোট = | ২.৪৬ একর |

মৌজা-ঝিনাইদহ, জে. এল নং-১২৫

| খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) | খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|---|---|
| ৭০৮ | ৫৭ | ০.৩২ | ৭১৪ | ১৪৮ | ০.০২ |
| ৭১৫ | ৫৮ | ০.১২ | ৭০৭ | ২২০ | ০.১১ |
| ৭১৯ | ৫৯ | ০.০২ | ৭১৫ | ২২১ | ০.১৬ |
| ৬৫৩ | ৬২ | ০.০৭ | ৭০৭ | ২২২ | ০.০৩ |
| ৭১৯ | ৭০ | ০.১৫ | ৭২৬ | ২২৬ | ০.৪২ |
| ৯৫ | ৭১ | ০.৪৮ | ৭৭ | ৩৯৮ | ০.১০ |
| ২৭৪ | ৭২ | ১.০০ | ৫৪১ | ৩৯৯ | ০.৫৬ |
| ৩৯ | ৭৩ | ০.৭৫ | ২৭৬ | ৪০১ | ০.৪৩ |
| ৪৯১ | ৭৪ | ০.৪২ | ৪৯১ | ৪০২ | ০.৮৩ |
| ২৭৪ | ৭৫ | ০.২৩ | ২৭৬ | ৪০৩ | ০.৫০ |
| ৪১ | ৭৬ | ০.৩০ | ৪৮৮ | ৪০৪ | ০.২৭ |
| ৫০৬ | ৭৭ | ০.১৭ | ৬৪ | ৪০৫ | ০.০৩ |
| ৫৯০ | ৭৮ | ০.৪১ | ২২২ | ৪০৮ | ০.২৮ |
| - | ১২৭ | ০.১৪ | ৬৯৪ | ৪০৯ | ০.৫১ |
| ৭২৩ | ১২৮ | ০.০৮ | ,, | ৪১০ | ০.২২ |
| ,, | ১২৯ | ০.৪৬ | ৬৯৫ | ৪১১ | ০.১২ |
| ৩৭ | ১৩১ | ০.০৯ | ৬৯০ | ৪১২ | ০.০৬ |

| খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) | খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|---|---|
| ৭১৪ | ১৪২ | ৪.৪৯ | ৭২ | ৪৩৯ | ০.২৭ |
| ৭১৩ | ১৪৪ | ০.৯৩ | ১৪২ | ৪৪০ | ০.৩৩ |
| ৭১৬ | ১৪৫ | ০.৩৮ | ৭১৫ | ২২০/৮৬৪ | ০.৩৩ |
| ৭১৭ | ১৪৬ | ০.১৮ | | মোট = | ১৬.৭৭ |

মৌজা-কাঞ্চনপুর, জে এল নং-১২৮

| খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) | খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|---|---|
| ১৬৪ | ১১০ | ০.০২ | ১৫৫ | ১২১ | ০.০৫ |
| ১৪৮ | ১১১ | ০.০৬ | ৭ | ১২৩ | ০.১৪ |
| ,, | ১১২ | ০.২৪ | ১৪৭ | ১২৪ | ০.২৩ |
| ১৮৩ | ১১৩ | ০.৯৫ | ,, | ১২৫ | ০.০৩ |
| ১৩৬ | ১১৪ | ০.০৯ | ৫১ | ১৩৩ | ০.০৭ |
| | | | | মোট = | ১.৮৮ একর |

মৌজা-খোর্দ্দ ঝিনাইদহ, জে এল নং-১২৪

| খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) | খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|---|---|
| ৫১ | ১১২ | ০.৩৫ | ১৬০ | ১৩৬ | ০.০৩ |
| ৪৯ | ১১৩ | ০.২১ | ১৬১ | ১৩৭ | ০.০৫ |
| ২৩৫ | ১২৫ | ০.০২ | ১৬৫ | ১৩৮ | ০.০৬ |
| - | ১২৭ | ০.০২ | ১৬৭ | ১৩৯ | ০.০৩ |
| ২২৫ | ১২৮ | ০.২৯ | ২৮ | ১৬৮ | ০.০৯ |
| ২৩৬ | ১৩০ | ০.০৪ | ১০১ | ২৯৭ | ০.৬৫ |
| ১১৭ | ১৩১ | ০.০৪ | ১৮০ | ২৯৫ | ০.২০ |
| ১১৮, ১২০ | ১৩২ | ০.০৭ | ২১ | ২৯৮ | ০.৫৬ |
| ১৬৪ | ১৩৪ | ০.০৪ | - | ৩১৭ | ০.১০ |
| ১৫৯ | ১৩৫ | ০.০৩ | | মোট = | ২.৮৮ একর |

মৌজা-আরাপপুর, জে এল নং-১২৩

| খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) | খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|---|---|
| ১৫৪, ১৫৯ | ২২১ | ০.০৪ | ১৮১ | ৩৮৮ | ০.১৩ |
| ১৫৯ | ২২২ | ০.০৯ | ,, | ৩৮৯ | ০.০৩ |
| ১৫৪ | ২২৩ | ০.৩৬ | ,, | ৩৯০ | ০.০১ |
| ৫৯ | ২২৪ | ০.১৪ | ৩৫৯ | ৩৯৭ | ০.০৫ |
| ১৮১ | ২২৫ | ০.০৭ | ৩৫৭ | ৪০০ | ০.১০ |
| ২৪০, ২৪১ | ২২৬ | ০.২৭ | ,, | ৪০১ | ০.১৪ |
| ৬১ | ২২৭ | ০.০৫ | ,, | ৪০৩ | ০.২৬ |
| ৫৯০ | ৩২০ | ০.৪৮ | ৩৫৪ | ৪০৪ | ১.১৮ |
| ৪২১ | ৩২১ | ০.৪১ | ৯ | ৪০৫ | ০.১৪ |
| ৪৩৮ | ৩২২ | ০.১৯ | ৮৬ | ৪০৬ | ০.২৫ |
| ৪৩০ | ৩২৩ | ০.২১ | ৫৩০ | ৪০৭ | ০.১৯ |
| ৪৩১ | ৩২৪ | ০.০৬ | ৮৩ | ৪০৮ | ০.১০ |
| ,, | ৩২৫ | ০.১৩ | ৯২ | ৪০৯ | ০.১১ |

| খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) | খং নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|---|---|
| ৪৩২ | ৩২৬ | ০.২৪ | ৬১ | ৪১০ | ০.০৫ |
| ৪২০ | ৩২৭ | ০.২৩ | ,, | ৪১১ | ০.১২ |
| ৪৬২ | ৩২৮ | ০.১৯ | ,, | ৪১২ | ০.০৬ |
| ৩৭১ | ৩২৯ | ০.২০ | ৬২ | ৪১৩ | ০.০৩ |
| ৪৮৭ | ৩৩০ | ০.০১ | ৩৮৩ | ৪১৪ | ০.০১ |
| ৪৬১ | ৩৩২ | ০.২৪ | ৩৭১ | ৪১৫ | ০.১৭ |
| ৫০০ | ৩৪০ | ০.০৩ | ৫৬৯ | ৪১৬ | ০.৪২ |
| ৫৩০ | ৩৬৪ | ০.৪০ | ৫৭৩ | ৪১৭ | ০.০৫ |
| ২৪৩ | ৩৬৮ | ০.০২ | ৫৭৪ | ৪১৮ | ০.০১ |
| ৪২ | ৩৬৯ | ০.২০ | ৩৫৪ | ৪২২ | ০.৫৬ |
| ৮৬ | ৩৮০ | ০.০২ | ১৪৬, ১৪৭ | ৪২৩ | ০.৪২ |
| ,, | ৩৮২ | ০.০৬ | ৩৫৫ | ৪২৪ | ০.৩৪ |
| ৪৫১ | ৩৮৩ | ০.৮৫ | ১৮৫ | ৪৪৬ | ০.২৯ |
| ২১ | ৩৮৪ | ০.২৫ | ৩৪৪ | ৪৮৯ | ০.০২ |
| ৯ | ৩৮৫ | ০.০১ | ৩৫৭ | ৪৯০ | ০.১৬ |
| ৮৭ | ৩৮৬ | ০.১৯ | ৫০ | ১০৩৮ | ০.০৫ |
| ,, | ৩৮৭ | ০.১৬ | ১৮৪ | ১০৩৯ | ০.২০ |
| | | | | মোট = | ১১.৪৫ একর |
| | | | | সর্বমোট = | ৩৫.৪৪ একর |

জমির নকসা ঝিনাইদহ জেলার ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত]**

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**আদেশ**

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৪/১৬ নভেম্বর ২০২১

**নং ৪২.০০.০০০০.০৩১.১৫.২২৩.১৮(২য় খণ্ড).১৮২**—আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের আওতাধীন পানি সম্পদ পরিকল্পনা সংস্থা এর জন্য অস্থায়ীভাবে রাজস্ব খাতে নিম্নবর্ণিত ৬(ছয়) ক্যাটাগরির ৫৬(ছাপ্পান্ন)টি পদ পার্শ্বে বর্ণিত বেতনস্কেলে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| ক্র. নং | পদের নাম | বেতন গ্রেড (বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | | | ০৭টি বিভাগীয় শহরের নাম | নিয়োগযোগ্যতা/শর্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | মোট | | |
| ১। | নির্বাহী প্রকৌশলী | টাঃ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | .. | ০৭ | ০৭ | রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৫ এর তপশিলের ক্রমিক নং-১২, ১৩, ১৪, ১৬, ১৭ ও ২৪ দ্বারা পূরণযোগ্য। |
| ২। | সহকারী প্রকৌশলী | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০৭ | ০৭ | ১৪ | | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৫ এর তপশিলের ক্রমিক নং-২৫, ২৬, ২৭, ২৯ ও ৩০ দ্বারা পূরণযোগ্য। |

| ক্র. নং | পদের নাম | বেতন গ্রেড (বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | | | ০৭টি বিভাগীয় শহরের নাম | নিয়োগযোগ্যতা/শর্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | মোট | | |
| ৩। | উপসহকারী প্রকৌশলী/ কার্টোগ্রাফার | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ০৭ | ০৭ | ১৪ | রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৫ এর তপশিলের ক্রমিক নং-৪০ দ্বারা পূরণযোগ্য। |
| ৪। | হিসাবরক্ষক | টাঃ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | .. | ০৭ | ০৭ | | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৫ এর তপশিলের ক্রমিক নং-৪১ দ্বারা পূরণযোগ্য। |
| ৫। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | টাঃ ৯,৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৭ | .. | ০৭ | | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৫ এর তপশিলের ক্রমিক নং-৪৮ দ্বারা পূরণযোগ্য। |
| ৬। | অফিস সহায়ক | টাঃ ৮,২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০৭ | .. | ০৭ | | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৫ এর তপশিলের ক্রমিক নং-৫৪ দ্বারা পূরণযোগ্য। |
| | | | ২৮টি | ২৮টি | সর্বমোট = ৫৬টি | | |

২। উপরোল্লিত ব্যয় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার রাজস্ব বাজেটের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি খাত হতে মেটানো হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৫-২০১৯ তারিখের ০৫.০৩.০০০৬.১৫৭.২৮.১৪১.৯৬(৩য় খণ্ড)-১২০ সংখ্যক স্মারক এবং অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-৩ অধিশাখার ০৬-০১-২০২০ তারিখের ০৭.০০.০০০০.১২৮.৪২.০০৩.১৯-০৫ স্মারকে সম্মতি রয়েছে। উক্ত পদগুলোর বেতনস্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৪ কর্তৃক ২৬-০১-২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৬৪.৪২.০১০.১২-০৭ সংখ্যক স্মারকে ভেটিং/যাচাই করা হয়েছে।

৪। বর্ণিত পদগুলো রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সদয় সম্মতিসহ অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে। এ আদেশ মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের সরকারি আদেশ নম্বর-মপবি/কা:বি:শা:/কপগ-১১-২০০১-১১১ অনুযায়ী জারি করা হলো।

**মিতু মরিয়ম**
সিনিয়র সহকারী সচিব।